রূপপুর পারমাণবিক কেন্দ্রে হঠাৎ আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ৮ ইউনিট



সংগৃহীত ছবি

পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে পরিত্যক্ত কাঠের স্তূপে হঠাৎ আগুন লাগে। ফায়ার সার্ভিসের আটটি ইউনিটের প্রায় ৪৫ মিনিটের তৎপরতার ফলে আগুন নিয়ন্ত্রণে আসে।

ঘটনাটি ঘটে বৃহস্পতিবার (৬ নভেম্বর) দুপুর ১২টা ৩২ মিনিটে। খবর পাওয়ার মাত্র এক মিনিটের মধ্যেই নিকটবর্তী স্টেশন থেকে ফায়ার সার্ভিসের ইউনিটগুলো ঘটনাস্থলে পৌঁছে কার্যক্রম শুরু করে।

রূপপুর মডার্ন, গ্রীন সিটি, রূপপুর অস্থায়ী এবং ঈশ্বরদী ফায়ার স্টেশনের মিলিত উদ্যোগে দুপুর ১টা ১৫ মিনিটের মধ্যে আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়।

তবে, আগুনের সঠিক কারণ এখনও শনাক্ত করা যায়নি।

LENS ASIA